



কৃষিই সমৃদ্ধি
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০১০.২৫.০০১.২২-

তারিখ: ২৪/১০/২০২৪ খ্রি.

প্রকল্প পরিচালক

মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্প
মাশরুম উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

বিষয়: Training on “Food Utilization, Quality Processing and Preservation Techniques of Agro-Products at Household Level” শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পুষ্টি ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের উদ্যোগে আগামী ১৭-১৯ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখে Training on “Food Utilization, Quality Processing and Preservation Techniques of Agro-Products at Household Level” শীর্ষক প্রশিক্ষণটি সভাকক্ষ-২ বিএআরসিতে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় দক্ষতা উন্নয়নের অংশ হিসেবে উক্ত প্রশিক্ষণে খাদ্য ব্যবহার, গুণমান প্রক্রিয়াকরণ এবং গৃহস্থালী পর্যায়ে কৃষিপণ্য সংরক্ষণের কৌশল ও পুষ্টি বিষয়ক তথ্যাবলি উপস্থাপন করা হবে। উল্লেখ্য যে, প্রশিক্ষণটি রাজস্ব বাজেটের আওতাভুক্ত ও সম্পূর্ণ অনাবাসিক। প্রশিক্ষণের জন্য সরকারি নিয়মানুসারে দৈনিক ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী নিজ নিজ প্রতিষ্ঠান/সংস্থা হতে বিধান অনুযায়ী যাতায়াত ভাতা গ্রহণ করতে পারবেন। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত আপনার প্রতিষ্ঠান হতে ৪ (চার) জন উদ্যোক্তা মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, প্রশিক্ষণের সার্বক্ষণিক অংশগ্রহণের নিমিত্ত ছক মোতাবেক উদ্যোক্তা মনোনয়ন প্রদান করে মনোনয়নের তালিকা (নাম, পদবী, মোবাইল ও ইমেইলসহ) ১০ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে পরিচালক (পুষ্টি) বরাবর হার্ড কপি ও zakiah@barc.gov.bd ই-মেইলে সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড. মোহাম্মদ রফিকুল ইসলাম)
পরিচালক (পুষ্টি)

ফোন: +৮৮-০২৪১০২৫৯৩১

ই-মেইল: dir.nutrition@barc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
- ৩। অফিস কপি।

ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২; ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৭

ই-মেইল: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd